# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১২৪৩

১/ বিবিধ

---

আরবী

من سبح دبر كل صلاة مكتوبة مائة مرة، وكبر مائة مرة، وهلل مائة مرة، غفر الله له ذنوبه وإن كانت أكثر من زبد البحر
منكر

أخرجه النسائي في " عمل اليوم والليلة " (رقم 141) ومحمد بن الحسن الطبري في " الأمالي " (4/1) والسياق له من طريق يعقوب بن عطاء بن أبي رباح عن عطاء ابن أبي علقمة بن الحارث بن نوفل عن أبي هريرة قال: قال رسول الله صلى الله عليه وسلم: فذكره
قلت: وهذا إسناد ضعيف، عطاء بن أبي علقمة بن الحارث مجهول كما في " التقريب ويعقوب بن عطاء بن أبي رباح مثله، وبه أعله النسائي
وقد خالفه الحجاج بن الحجاج فرواه عن أبي الزبير عن أبي علقمة عن أبي هريرة به بلفظ:" من سبح دبر صلاة الغداة مائة تسبيحة ... " الحديث لم يذكر التكبر مائة مرة
أخرجه النسائي (1/199) وفي " اليوم والليلة " أيضا (140)
وأبو علقمة هو المصري مولى بني هاشم
قلت: ورجاله ثقات رجال مسلم، إلا أن أبا الزبير مدلس وقد عنعنه، فيخشى أن يكون تلقاه عن ضعيف مثل يعقوب هذا ثم دلسه، وكأن الحافظ رحمه الله يميل إلى هذا، فقد ذكر في ترجمة عطاء بن أبي علقمة حديثه هذا، ثم ذكر رواية الحجاج عن أبي الزبير، ثم قال: فكأن الصواب: يعقوب بن عطاء عن أبي علقمة إن شاء الله تعالى

والمحفوظ في هذا الحديث إنما هو بلفظ:" ثلاثا وثلاثين " كما رواه مسلم وغيره من طريق أخرى عن أبي هريرة مرفوعا، وهو مخرج في " الأحاديث الصحيحة " رقم (101)

বাংলা

১২৪৩। যে ব্যক্তি প্রত্যেকটি ফরয সালাতের পরে পরে একশতবার তাসবীহ্ পাঠ করবে, একশতবার তাকবীর পাঠ করবে এবং একশতবার লা-ইলাহা ইল্লাল্লাহ্ বলবে আল্লাহ্ তা'আলা তার গুনাহগুলো ক্ষমা করে দিবেন যদিও সেগুলো সমূদ্রের ফেনার চেয়েও বেশী হয়।

হাদীসটি মুনকার।

হাদীসটি ইমাম নাসাঈ “আমলুল ইওয়াম অল-লাইলাহ” গ্রন্থে (১৪১) ও মুহাম্মাদ ইবনুল হাসান ত্ববারানী “আল-আমলী” গ্রন্থে (১/৪) ইয়াকুব ইবনু আতা ইবনে আবী রাবাহ সূত্রে আতা ইবনু আবী আলকামাহ ইবনিল হারেস ইবনে নাওফাল হতে, তিনি আবু হুরাইরাহ (রাঃ) হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুর্বল। কারণ আতা ইবনু আবী আলকামাহ্ ইবনিল হারেস মাজহুল (অপরিচিত) যেমনটি “আত-তাকরীব” গ্রন্থে এসেছে।

আর ইয়াকুব ইবনু আতা-ও তার মতই। এর দ্বারাই নাসাঈ সনদটির সমস্যা বর্ণনা করেছেন।

ইয়াকুবের বিরোধিতা করে হাজ্জাজ ইবনুল হাজ্জাজ হাদীসটি নিম্নলিখিত ভাষায় আবুয যুবায়ের হতে, তিনি আবু আলকামাহ হতে, তিনি আবু হুরাইরাহ (রাঃ) হতে বর্ণনা করেছেনঃ

قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: مَنْ سَبَّحَ فِي دُبُرِ صَلَاةِ الْغَدَاةِ مِائَةَ تَسْبِيحَةٍ ، وَهَلَّلَ مِائَةَ تَهْلِيلَةٍ، غُفِرَتْ لَهُ ذُنُوبُهُ، وَلَوْ كَانَتْ مِثْلَ زَبَدِ الْبَحْرِ

রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ যে ব্যক্তি সকালের সালাতন্তে একশতবার তাসবীহ পাঠ করবে এবং একশতবার লা-ইলাহা ইল্লাল্লাহ বলবে তার গুনাহসমূহ ক্ষমা করে দেয়া হবে যদিও তা সমূদ্রের ফেনার সমান হয়। [সহীহ নাসাঈ : ১৩৫৪]।

বিশেষ দ্রষ্টব্যঃ এ (হাজ্জাজ ইবনু হাজ্জাজের) হাদীসটিকে শাইখ আলবানী এখানে দুর্বল আখ্যা দিলেও তিনি “সহীহ নাসাঈ” গ্রন্থে হাদীসটিকে সহীহ আখ্যা দিয়েছেন। তিনি তার প্রথম সিদ্ধান্ত থেকে ফিরে এসেছেন। এছাড়া উক্ত যিকরগুলো ফরয সালাতের পরে তেত্রিশবার করে বলার সমর্থনে সহীহ হাদীস বর্ণিত হয়েছে। এ মর্মে বর্ণিত হাদীস ইমাম মুসলিম প্রমুখ বর্ণনা করেছেন।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=72122

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন